দৈনিক সংবাদ

তারিখ 03 JUL 1996
পৃষ্ঠা ৬ কলাম ৬

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ৩১ কোটি টাকার বাজেট

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ২রা জুলাই (নিজস্ব সংবাদদাতা)। - বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৯৬-৯৭ অর্থবছরের জন্য ৩০.৯২ কোটি টাকার বাজেট ঘোষণা করেছেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ১৯৯৬-৯৭ অর্থ বছরের জন্য মূল বরাদ্দ (রিকাস্ট) ৩০.৯২ কোটি টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারি অনুদান ২৭.৩০ কোটি, নিজস্ব সূত্র থেকে ১.৬০ কোটি টাকা ও পেনশন খাতের ঘাটতি পূরণের জন্য অতিরিক্ত বরাদ্দ ২.০২ কোটি টাকা ধার্য করা হয়েছে। মূল রিকাস্ট বরাদ্দের মধ্যে বেতন-ভাতাদি খাতে ২১.৬০ কোটি, সাধারণ আনুষংগিক খাতে ২.৮০ কোটি এবং পেনশন খাতের ঘাটতি পূরণের জন্য অতিরিক্ত বরাদ্দ ২.০২ কোটি টাকা ধার্য করা হয়েছে।

ফিনান্স কমিটির সচিব বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মোঃ ইদ্রিস আলী ১৯৯৫-৯৬ অর্থবছরের সংশোধিত চাহিদা বরাদ্দ হিসেবে বিশ্ববিদ্যালয় কর্তৃক চাহিদাকৃত ৩৫.৫০ কোটি টাকার বিপরীতে মঞ্জুরি কমিশন কর্তৃক স্থিরিকৃত সিলিং অনুসরণে ২৯.২৩ কোটি টাকার বাজেটও উপস্থাপন করেন।